ইনকিলাব

তারিখ ... ... ২০০৬ ...
পৃষ্ঠা ১ কলাম ২

# দাবী আদায়ে বেসরকারী স্কুল-কলেজ মাদ্রাসায় পূর্ণ দিবস ধর্মঘট পালিত

## ধর্মঘট পালনকারী শিক্ষক-কর্মচারীদের প্রতি জমিয়াতুল মোদার্রেছীন নেতৃবৃন্দের অভিনন্দন

স্টাফ রিপোর্টার

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অঙ্গীকার এবং চারদলীয় জোটের নির্বাচনী ইস্তেহার অনুযায়ী বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের ১০% বর্ধিত বেতনসহ অন্যান্য দাবী আদায়ে দেশের প্রায় সকল বেসরকা
স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শি
প্রতিষ্ঠানে পূর্ণ দিবস ধর্মঘট পালিত হয়েছে
এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগ
স্বতঃস্ফূর্তভাবে ক্লাস বর্জন করে ধর্মঘট পাল
করেছেন। ২-এর পৃঃ ৬-এর কঃ দেখু

# পূর্ণ দিবস ধর্মঘট পালিত

*প্রথম পৃষ্ঠার পর*

বেসরকারী শিক্ষক সংগঠনসমূহের বৃহৎ মোর্চা জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট এবং মাদ্রাসা শিক্ষকদের সর্ববৃহৎ সংগঠনের আহবানে এ ধর্মঘট পালিত হয়েছে। তবে এইচএসসি ও আলিম পরীক্ষা এ ধর্মঘটের আওতামুক্ত ছিল। দাবী আদায়ে ধর্মঘট কর্মসূচী পালনকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের প্রতি ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি আলহাজ এ এম এম বাহাউদ্দীন ও মহাসচিব আলহাজ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজীসহ সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ। একইভাবে অভিনন্দন জানিয়েছেন জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি মোঃ মিজানুর রহমান মণ্ডল ও অতিরিক্ত মহাসচিব মোহাম্মদ মোস্তফা ভূঁইয়া। এ দিকে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন ও জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ঘোষিত পূর্বের কর্মসূচীর পাশাপাশি গতকাল পৃথক পৃথকভাবে নতুন কর্মসূচী ঘোষণা করে তা পালনে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়ে বিবৃতি দিয়েছেন।

**জমিয়াতুল মোদার্রেছীন নেতৃবৃন্দের বিবৃতি**

মাদ্রাসা, স্কুল, কলেজ শিক্ষকদের ন্যায্য দাবী আদায়ে গতকাল শিক্ষক কর্মচারীগণ স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘট পালন করায় তাদের প্রতি ধন্যবাদ জানিয়ে দেয়া এক বিবৃতিতে উল্লেখ করেন যে, শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত লেখাপড়া বাদ দিয়ে ধর্মঘটের মত কর্মসূচী আমাদের কাম্য ছিল না। প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিবসহ সংশ্লিষ্ট মহলের সাথে সরাসরি সাক্ষাৎ, স্মারকলিপি পেশ, প্রেস বিবৃতি, বিজ্ঞপ্তিসহ নিয়মতান্ত্রিক সব কার্যক্রম চালানো হয়েছে। শিক্ষক সমাজ আশা করেছিলেন সরকার তারই নির্বাচনী ইস্তেহারে ঘোষিত ওয়াদাসমূহ পূরণ করবেন। কিন্তু মাদ্রাসার ফাযিল কামিলের মান প্রদানের লক্ষ্যে ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাগণকে বেতন স্কেলের আওতাভুক্তি, শিক্ষকদের ১০০ ভাগ বেতন প্রদান, বর্ধিত স্কেলে বাড়ী ভাড়া, মেডিকেল ভাতা প্রদান, মাদ্রাসার শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শতকরা ৩০ ভাগ মহিলা কোটা বাতিল, দাখিল, আলিম ও ফাযিল মাদ্রাসা প্রধানদের বেতন বৈষম্য দূরীকরণসহ জমিয়াতের ১১ দফা দাবীর কোন দাবীই সরকার পূরণ করেনি।

বিবৃতিতে আরো জানানো হয় যে, দাবী আদায়ে আগামী ৫ জুলাই (বুধবার) উপজেলা সদরে বিক্ষোভ মিছিলসহকারে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি পেশ, ৬ জুলাই বৃহস্পতিবার জেলা জমিয়তের নেতৃত্বে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি পেশ করা হবে। সেই সাথে আগামী ৮ জুলাই শনিবার সকাল ১০টায় কেন্দ্রীয় নির্বাহী কমিটির বৈঠকে

এবং সর্বস্তরের শিক্ষক কর্মচারীগণের প্র
অনুরোধ জানানো হয়। এ বিবৃতিতে স্বা
করেন বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছী
সভাপতি আলহাজ এ এম এম বাহাউদ্দী
মহাসচিব আলহাজ মাওলানা শাব্বীর আহ
মোমতাজী এবং স্ট্যান্ডিং কমিটির সদস্য অধ
মোঃ ইউনুছ, অধ্যক্ষ মাওলানা আবদুর রহ
বেলাসী, অধ্যক্ষ মাওলানা সফিউদ্দিন ভূই
অধ্যক্ষ মাওলানা কাফিল উদ্দীন সরকার, অধ
মাওলানা শামসুল হুদা, অধ্যক্ষ মাওল
নজরুল ইসলাম আল মারুফ, উপাধ্যক্ষ
মাহবুবুর রহমান প্রমুখ নেতা।

**জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট**

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট থেকে 
তথ্যানুযায়ী ফ্রন্টের আহবানে গতকাল স
বিভাগীয় সদরসহ বিভিন্ন জেলা ও উপজে
স্কুল-কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠা
শিক্ষক-কর্মচারীগণ ধর্মঘট করেছেন। 
এইচএসসি পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত ছি
বেসরকারী স্কুল-কলেজ কারিগরি শি
প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের ন্যূন
প্রত্যাশা যথা ২০০১ সাল থেকে এরিয়ার
প্রতিশ্রুতি ১০% বেতন, ১৯৯১-এর পরি
বর্তমান স্কেলে চিকিৎসা ভাতা ও প্রবৃদ্ধি, পূ
উৎসব ভাতা, ১০০ টাকার পরিবর্তে সম্মানজ
বাড়ী ভাড়া এবং বিনা বেতনে কর্মরতদের ন
এমপিও বাবদ সুনির্দিষ্ট অর্থ বরাদ্দ, ৬৫% ম
ভাতা প্রদান, সকল স্টপ পেমেন্ট আ
প্রত্যাহার, কর্মচারীদের চাকরিবিধির দাবী
এবং বিএনপির নির্বাচনী প্রতিশ্রুতি ভা
প্রতিবাদে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট
ধর্মঘটের ডাক দেয়। ফ্রন্টের এক বিজ্ঞপ্তি
কো-চেয়ারম্যান- শেখ আমানুল্লাহ ও অ
কামরুজ্জামান, প্রধান সমন্বয়কারী ও আহব
অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, আহব
মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ 
শাহজাহান, অধ্যাপক আসাদুল হক প্র
একই দাবীতে আগামী ৫ জুলাই পূর্ণ কর্মবি
ও ৮ জুলাই থেকে অবিরাম ধর্মঘট কর্ম
পালনের জন্য বেসরকারী স্কুল-কলেজ, কারি